১১৫৪৪

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** ৫৮৬১৬৬৮১, ৫৮৬১৭৯০৮, ৯৬১৫৫৭৬

নং-বামাশিবো/প্রশাসন/**২৩৩১৮১০৮৭২৭১**/ফরিদপুর -৪৮/ ৬৩০৫/৬৮ তারিখঃ ১৪.০৮.২০১৯খ্রিঃ

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার চর ভদ্রাসন উপজেলাধীন বাহারুল উলুম দাখিল মাদ্রাসার সভাপতি জনাব নূর হোসেন (নূর মোহাম্মদ) এর বিরুদ্ধে শিক্ষকদের সাথে দুর্ব্যবহার, গালিগালাজ, বিশৃঙ্খলা সৃষ্টি, অনৈতিক কার্যকলাপ, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করে অভিভাবক সদস্য জনাব মো: ছাদেক মোল্লা অত্র বোর্ডে কাগজপত্রসহ আবেদন দাখিল করেছেন। অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার চরভদ্রাসন, ফরিদপুরকে গত ০১/০৩/২০১৮ খ্রি: তারিখে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছিল। সভাপতির অশালীন আচরণের কারণে তদন্তে বাধাপ্রাপ্ত হন মর্মে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সভাপতির বিরুদ্ধে অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ না করায় উচ্চতর তদন্ত প্রয়োজন।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (০৬(ছয়)........) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
১৪.০৮.১৯
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

জেলা প্রশাসক
ফরিদপুর।

নং-বামাশিবো/প্রশাসন/**২৩৩১৮১০৮৭২৭১**/ফরিদপুর -৪৮/ ৬৩০৫/৮ তারিখঃ ১৪.০৮.২০১৯খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:</u>

১. উপজেলা নির্বাহী অফিসার, চর ভদ্রাসন, ফরিদপুর।
২. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর ভদ্রাসন, ফরিদপুর।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, বাহারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর: চর হাজীগঞ্জ, চর ভদ্রাসন, ফরিদপুর।
৫. সুপার/ভারপ্রাপ্ত (সুপার), বাহারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর: চর হাজীগঞ্জ, চর ভদ্রাসন, ফরিদপুর।
৬. জনাব মো: ছাদেক মোল্লা, অভিভাবক সদস্য, বাহারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর: চর হাজীগঞ্জ, চর ভদ্রাসন, ফরিদপুর।
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্টার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

14.08.19
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ঢাকা-৪৮ (উচ্চতর তদন্ত)

# বাহ্‌রুল উলুম দাখিল মাদ্‌রাসা

সাং ইন্তাজ মোল্লার ডাঙ্গী, পোষ্ট- চর হাজীগঞ্জ, চর ভদ্রাসন, ফরিদপুর

স্থাপিত ঃ ১৯৯০ ইং

সূত্র ঃ তারিখ ঃ... ২৫/১/২০১৮

বরাবর,

চেয়ারম্যান,
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।

**বিষয় ঃ জনাব নূর হোসেন (নূর মোহাম্মাদ) কে সভাপতির পদ থেকে বাতিল করন প্রসঙ্গে ।**

জনাব,

যথাযথ সম্মান পূর্বক বিনীত প্রার্থনা এই যে, মাদরাসাটি ফরিদপুর জেলার চর ভদ্রাসন উপজেলার একমাত্র স্বীকৃতিপ্রাপ্ত দাখিল মাদরাসা । মাদরাসাটি ১৯৯০ সালে স্থাপিত হয়ে অদ্যবদি শুনামের সহিত চলিয়া আসিতেছে । মাদরাসাটি বর্তমান কমিটির ১ম সভা গত ০৭/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে । সভাপতি শুরু থেকেই মাদরাসার সকল শিক্ষক মন্ডলিদের সাথে প্রতিনিয়ত দুঃব্যববহার করে, গালিগালাজ করে । প্রতিদিন মাদরাসায় এসে নিজের বাহাদুরি ও কর্তৃত্ব দেখায় । শিক্ষকদের সাথে প্রতিবিলে স্বাক্ষরের সময় টাকা-পয়সা কর্জ নেয়, যা আর ফেরত দেয় না । মাদরাসার বি.এস.সি শিক্ষক জনাব মোঃ কাউসার খানকে ক্লাস চলাকালীন সময়ে অকথ্য ভাষায় গালিগালাজ ও মুখে থাপপর দিতে উদ্ধত হয় । মাদরাসার শিক্ষকদের মধ্যে দলাদলি ও কমিটিদের মধ্যে দলাদলি ও বিভেদ সৃষ্টি করে মাদরাসার সুনাম ও ভাবমূর্তিকে বিলিন করে দিতেছে । মাদরাসার আয়/ব্যয় এর উপর অনৈতিক হস্তক্ষেপ করে । ঘুষের বিনিময়ে মাদরাসার সহ-সুপার নিয়োগে ব্যর্থ হওয়ায় সুপার ও মাদরাসার বিপক্ষে লিখিত মিথ্যা অভিযোগ বিভিন্ন অফিসে দায়ের করে । এরই পরিপ্রেক্ষিতে ক্ষোভের বশবর্তী হয়ে মাদরাসার সুপার এবং তার স্ত্রী ও ২ দুই ছেলের (ছাত্র) নামে অযৌক্তিক হয়রানি মূলক মিথ্যা মামলা দায়ের করে । মাদরাসার প্রতিষ্ঠাতা মৌলভী মোঃ আঃ জলিল সাহেবের দীর্ঘ দিনের সুনাম ও ভাবমূর্তি বিনষ্ট করার লক্ষ্যে সভাপতি প্রতিনিয়ত পাড়ায় পাড়ায় চায়ের দোকানে সকল মানুষের নিকট দুর্নাম ছড়িয়ে দিচ্ছে । এভাবে সুপার ও মাদরাসার সুনাম ক্ষুন্ন করে চলেছে । এদিকে মাদরাসার প্রতিষ্ঠাতা মৌলভী মোঃ আঃ জলিল সাহেবের মেঝো ছেলে ও মাদরাসার প্রতিষ্ঠাকালিন সুপার জনাব মোঃ লুৎফর রহমান অক্লান্ত পরিশ্রম করে মাদরাসাটিকে শূন্য থেকে মাদরাসার নামে জমি ক্রয়, ১টি তিন তলা ভবন ও ১টি দ্বিতল ভবন ওয়ালসেট ঘর প্রতিষ্ঠা সহ মাদরাসার অনুকুলে অনেক উন্নয়ন মূলক কাজ করে চলেছেন । কিন্তু মাদরাসার সুপারের এতসব উন্নয়ন সত্বেও সুপার ও মাদরাসার বিরুদ্ধে সভাপতি এহেনু কার্যকলাপ করিতেছে । এতে শিক্ষকরা আতঙ্কিত ও মাদরাসার ছাত্র/ছাত্রী ক্রমান্বয়ে হ্রাস পাইতেছে । এমতাবস্থায় ম্যানেজিং কমিটির ১২ জন সদস্যের মধ্যে ১০ জন সদস্যই সভাপতিকে অব্যহতি দেয়ার সিদ্ধান্ত নিয়েছে এবং এলাকার গণ্যমাণ্য ব্যক্তি ও মাদরাসার সমস্ত শিক্ষক মন্ডলী আলাদা-আলাদা ভাবে রেজুলেশনে সভাপতির কুকির্তির বিবরনসহ সভাপতির বিরুদ্ধে বিস্তারিত বিবরন পেশ করেছেন । (কপি সংযুক্ত) ।

অতএব, মহোদয় সমীপে বিনীত আরজ মাদরাসার সভাপতি জনাব নূর হোসেন (নূর মোহাম্মাদ) কে সভাপতিত্ব থেকে অব্যহতি দিয়ে মাদরাসা সুন্দর ও সুষ্ঠভাবে পরিচালনার যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সদয় মর্জি হয় ।

নিবেদক

ছাদেক মোল্লা

অভিভাবক-সদস্য ও কমিটির পক্ষে
বাহ্‌রুল উলুম দাখিল মাদ্‌রাসা
চর ভদ্রাসন, ফরিদপুর

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Government of the People's Republic of Bangladesh

NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোঃ লুৎফর রহমান

Name: Md. Lutfor Rahman

পিতা: মৃত আঃ জলিল মোল্যা

মাতা: হাচিনা বেগম

Date of Birth: 10 Jan 1972

ID NO: 2912176410147

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: গ্রাম/রাস্তা: চর হাজিগঞ্জ বাজার, চর হাজিগঞ্জ, ডাকঘর: চর হাজিগঞ্জ - ৭৮১০, চর ভদ্রাসন, ফরিদপুর

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর    প্রদানের তারিখ: ০৩/০৯/২০০৮